

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.২৫.০৫৮.২০১৭-৩০৯৮

তারিখ: ২৮.০৫.২০২০

অফিস আদেশ

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে প্রয়োজন সকলের সম্মিলিত সামাজিক ও ব্যক্তিগত স্বাস্থ্য সচেতনতা এবং এর প্রতিপালন।
এরই ধারাবাহিকতায় করোনা ভাইরাস (Covid-19) এর অভ্যন্তরীণ সংক্রমণ প্রতিরোধে এলজিইডির সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে Covid-19 এর স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রয়োজনীয় স্বাস্থ্যসুরক্ষা নিশ্চিত করত: নিম্নলিখিত নিয়মাবলী প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো :

- ১। সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসে প্রবেশের পূর্বে জীবাণুমুক্তকরণ চেম্বারের মাধ্যমে জীবাণুমুক্তকরণ হওয়া এবং অফিস চলাকালীন সময় মাস্ক পরিধানসহ পারস্পারিক সামাজিক দূরত্ব (কমপক্ষে ৩ ফিট) বজায় রেখে দাপ্তরিক দায়িত্ব পালন করা ;
- ২। স্ব-স্ব Unit প্রধান কর্তৃক অধীনস্থ আবশ্যিক প্রয়োজনীয় কর্মকর্তা/কর্মচারীদের তালিকা প্রণয়ন এবং তাদের সুস্থতা নিশ্চিতকরণপূর্বক প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি ও স্বাস্থ্য সুরক্ষা সুনিশ্চিত করত: দপ্তরের জরুরী কাজে অংশগ্রহণের ব্যবস্থা করা এবং উক্ত কর্মকর্তা ও কর্মচারীকে দাপ্তরিক সময়ের পরবর্তীতেও অবশ্যই Covid-19 এর স্বাস্থ্যবিধি ও স্বাস্থ্য সুরক্ষা মেনে নিজ সুস্থতা নিশ্চিত করা ;
- ৩। দাপ্তরিক ব্যবহার্য প্রয়োজনীয় দ্রব্যাদি, নথি ও চিঠিপত্র ব্যবহারের সময় গ্লাভস পরিধান করা এবং কাজ শেষে হাত অবশ্যই জীবাণুমুক্ত করা ;
- ৪। জনসমাগম বা ভিড় পরিহারের লক্ষ্যে নিজ দায়িত্ব বা কাজ শেষে দ্রুত প্রস্থান করা ;
- ৫। দায়িত্ব পালনকালে সদর দপ্তরের কোন কর্মকর্তা/কর্মচারীর করোনা উপসর্গ দেখা দিলে বা অসুস্থতাবোধ করলে এলজিইডি কর্তৃক নির্ধারিত হাসপাতালে পরীক্ষা-নিরীক্ষা/চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করা। এছাড়া মাঠ পর্যায়ের কোন কর্মকর্তা/কর্মচারীর করোনা উপসর্গ দেখা দিলে বা অসুস্থতাবোধ হলে স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগের মাধ্যমে পরীক্ষা-নিরীক্ষা/চিকিৎসার ব্যবস্থা গ্রহণ করা ;
- ৬। এছাড়া সরকার কর্তৃক ঘোষিত Covid-19 প্রতিরোধের জন্য স্বাস্থ্যবিধি সংক্রান্ত গাইডলাইনসমূহ সম্পূর্ণভাবে প্রতিপালন করা।

(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৯১২৪০২৭

E-mail: ce@lged.gov.bd

অনুলিপিঃ

- ১) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ২) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, , এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বিভাগ, এলজিইডি,..... ।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, , অঞ্চল, ।
- ৫। প্রকল্প পরিচালক, ।
- ৬। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ।
- ৮। নির্বাহী প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, এলজিইডি,.....বিভাগ, ।
- ৯। উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ , জেলাঃ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

www.lged.gov.bd



“শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি”

স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.২৫.০৫৮.২০১৭-৩০৯৬

তারিখ: ২৫.০৫.২০২০

অফিস আদেশ

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে প্রয়োজন সকলের সম্মিলিত সামাজিক ও ব্যক্তিগত স্বাস্থ্য সচেতনতা এবং এর প্রতিপালন। এরই ধারাবাহিকতায় এলজিইডির সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে যানবাহন ব্যবহারের ক্ষেত্রে যানবাহন ব্যবহারকারী ও চালককে Covid-19 এর স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রয়োজনীয় স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করত: নিম্নলিখিত নিয়মাবলী প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো :

- ১। যানবাহন/গাড়ী ব্যবহারের পূর্বে অবশ্যই যানবাহন/গাড়ী করোনা ভাইরাস বিনাশযোগ্য জীবাণুনাশক প্রয়োগ করে জীবাণুমুক্ত করা ;
- ২। যানবাহন/গাড়ী চালানোর সময়সহ ডিউটিরত অবস্থায় চালককে অবশ্যই মাস্ক পরিধান ও গ্লাভস ব্যবহার করা ;
- ৩। চালককে সকল প্রকার জনসমাগম/ আড্ডাশুল পরিহার করে, Covid-19 এর স্বাস্থ্যবিধি ও ব্যক্তিগত স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করে দায়িত্ব পালন করা;
- ৪। যানবাহন/গাড়ী ব্যবহারকারী ব্যতীত অন্য যেকোন ডিউটির ক্ষেত্রে গাড়ী ব্যবহারকারী সংশ্লিষ্ট কর্মকর্তা ও চালককে সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্য সুরক্ষা সংক্রান্ত বিধিবিধান প্রতিপালন করা।

(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোনঃ ০২-৯১২৪০২৭

E-mail: ce@lged.gov.bd

অনুলিপিঃ

- ১) মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
- ২) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী,বিভাগ, এলজিইডি,.....।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, অঞ্চল,।
- ৫। প্রকল্প পরিচালক,।
- ৬। নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- ৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ।
- ৮। নির্বাহী প্রকৌশলী, অতিরিক্ত প্রধান প্রকৌশলীর দপ্তর, এলজিইডি,.....বিভাগ,।
- ৯। উপজেলা প্রকৌশলী, উপজেলাঃ জেলাঃ।
- ১০। জনাব।